



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.২২.৩৩৮

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৯

১১ জুলাই ২০২২

বিষয়: সাতক্ষীরা সিটি কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ মনিরুজ্জামান (ইনডেক্স-৮৪৪৬৬৪) এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, সাতক্ষীরা এর স্মারক নং ০৫.৪৪.৮৭০০.০১৭.২১.০০২.২২.৪০৯ (জেপ্র); ০৩/০৬/২০২২ মোতাবেক সাতক্ষীরা সিটি কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ মনিরুজ্জামান (ইনডেক্স-৮৪৪৬৬৪) এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

অভিযোগ বর্ণনা: ০৩ জুন ২০২২ তারিখে সাতক্ষীরা জেলার ১৮ টি কেন্দ্রে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য় ধাপে 'সহকারী শিক্ষক নিয়োগে ২০২০' পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সাতক্ষীরা সিটি কলেজ, কেন্দ্র নম্বর : ০৬ এ পরীক্ষা শুরু হওয়ার নির্ধারিত সময়ে কেন্দ্রের প্রার্থীদের মাঝে OMR শীট বিতরণ করা হয়। OMR শীট বিতরণ শেষে উক্ত কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ মনিরুজ্জামান (ইনডেক্স নম্বর : ৮৪৪৬৬৪) কেন্দ্রে কক্ষ পরিদর্শকের দায়িত্বপ্রাপ্ত না হওয়া সত্ত্বেও বিনা অনুমতিতে কেন্দ্রের ১০৬ নম্বর কক্ষে প্রবেশ করে কক্ষের ৫৯২৭৫৫৩ নম্বর রালেধারী পরীক্ষার্থী সুমা সরকার এর OMR শীট পরিবর্তন করেছেন মর্মে কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত অভিযোগে (অভিযোগে সংযুক্ত করা হয়েছে। উক্ত বিষয়ে কেন্দ্রের কেন্দ্র সচিব ও অধ্যক্ষ, সাতক্ষীরা সিটি কলেজ এবং একজন সহকারী অধ্যাপক লিখিত জবাব দাখিল করেছেন। দাখিলকৃত জবাবে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়।

২। এমতাবস্থায় 'সহকারী শিক্ষক নিয়োগে ২০২০' এ অদ্য ০৩ জুন ২০২২ তারিখের পরীক্ষায় সাতক্ষীরা সিটি কলেজ কেন্দ্রে উক্ত কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ মনিরুজ্জামান কেন্দ্রে কক্ষ পরিদর্শকের দায়িত্বপ্রাপ্ত না হওয়া সত্ত্বেও অবৈধভাবে অজ্ঞাতে কেন্দ্রের ১০৬ নম্বর কক্ষে প্রবেশ করে অতিরিক্ত OMR শীট সরবরাহ এবং প্রতিস্থাপন করার অভিযোগে তথা চাকুরী বিধি লঙ্ঘনের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

এমতাবস্থায়, সাতক্ষীরা সিটি কলেজের সমাজবিজ্ঞান বিষয়ের সহকারী অধ্যাপক জনাব মোঃ মনিরুজ্জামানকে কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১১-৭-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

জনাব মোঃ মনিরুজ্জামান, সহকারী অধ্যাপক

(সমাজবিজ্ঞান)


সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.২২.৩৩৮/১

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৯  
১১ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
- ২) অধ্যক্ষ, সাতক্ষীরা সিটি কলেজ, সাতক্ষীরা।



১১-৭-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক